যুগান্তর
শুক্রবার
৭ ফেব্রুয়ারি ২০২০ ● ২৪ মাঘ ১৪২৬

# উৎসবমুখর ইউআইইউর সমাবর্তন

যুগান্তর রিপোর্ট

বিপুল উৎসাহ-উদ্দীপনা ও উৎসবমুখর পরিবেশে বৃহস্পতিবার বেসরকারি ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। রাজধানীর মাদানী এভিনিউয়ে প্রতিষ্ঠানটির নিজস্ব ক্যাম্পাসের সবুজ চত্বরজুড়ে আয়োজিত সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, বিশ্ব আজ নজিরবিহীন গতিতে এগিয়ে যাচ্ছে। পরিবর্তিত পরিস্থিতিতে নিজেকে উপযুক্ত করে গড়ে তুলতে হবে। চাকরি নামক সোনার হরিণের পেছনে না ছুটে নিজেই উদ্যোক্তা হোন। আত্মবিশ্বাস, ধৈর্য, গভীর অনুরাগ, বিচার-বুদ্ধি, রূপরেখা তৈরির মাধ্যমে কাজ করে সফলতা অর্জন করতে হবে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়গুলো হবে সুস্থ চিন্তা ও সুস্থ প্রতিযোগিতার স্থান। এজন্য যুগের চাহিদা বিবেচনা করে বিশ্ববিদ্যালয়গুলোয় বিষয় চালু করতে হবে।

সমাবর্তন বক্তা প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ড. গওহর রিজভী বলেন, অর্জিত জ্ঞান শুধু সার্টিফিকেট লাভের উদ্দেশ্যে সীমাবদ্ধ না রেখে দেশ ও জাতির সেবায় আত্মনিয়োগ করতে হবে। ইউআইইউ ভিসি অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান শিক্ষার্থীদের ভালো মানুষ হওয়ার পাশাপাশি সমাজ ও দেশের মানুষের কল্যাণে নিজেদের আত্মনিয়োগ করার আহ্বান জানান। এবারের সমাবর্তনে ২ হাজার ৩৫২ জন শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশন ও পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি দেয়া হয়।